বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০.

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন
অফিস ফোন ঃ ৯৫৫২২০২
e-mail dgmewt @krishibank.org.bd

## কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ

নং-প্রকা/ককপবি-১(৪)অংশ-৩/২০১৭-২০১৮/৪২৫ তারিখ ঃ ২৮-১২ -২০১৭খ্রিঃ

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা
০৩। মহাব্যবস্থাপক, স্টাফ কলেজ,মিরপুর,ঢাকা
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
০৫। উপমহাব্যবস্থাপক,কর্পোরেট শাখাসমূহ
০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
০৮। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ "ইউনেস্কোর মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে 'বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য'র স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে যথাযোগ্যভাবে উদ্‌যাপন উপলক্ষে ব্যাংকের সকল শাখা/কার্যালয়ে ব্যানার/তথ্যফলক প্রদর্শন প্রসঙ্গে।**

মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আর্কষণ করা হলো।

০২। জাতির পিতা বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ "ইউনেস্কোর মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার" এ বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য (World Documentary Heritage) হিসেবে তালিকাভুক্ত হয়েছে। বাঙালি জাতির জন্য এ এক অনন্য অর্জন । এ জন্য অত্র ব্যাংকের সর্বস্তরের কর্মীগন আনন্দিত ও গর্বিত। এ অসামান্য অর্জনকে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে অত্র ব্যাংকের পক্ষ থেকে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রদান করা হয়েছে ঃ

(ক) বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণরত ছবিসমেত ৬'-০"X ৩'-০" সাইজের একটি তথ্যফলক তৈরী করে ব্যাংকের প্রধান কার্যালয়,বিভাগীয় কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,কর্পোরেট শাখা,মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ে এবং অনুরুপভাবে ৬'-৬"X ৩'-০" সাইজের ব্যানার তৈরী করে ব্যাংকের শাখাসমূহের দর্শনীয় স্থানে প্রদর্শন করা ; (তথ্য ফলকের নিম্নে / ব্যানারের ডান পার্শ্বে লিখা থাকবে-' বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য' বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণকে "ইউনেস্কোর মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার" এ অন্তর্ভুক্ত করায় আমরা গর্বিত। নমুনা সংযুক্ত);

(খ) বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের উপর ব্যাংক কর্মকর্তা/কর্মচারী হতে লেখা আহবান করে ব্যাংকের জনসংযোগ ও প্রটোকল বিভাগের মাধ্যমে "কৃষি ব্যাংক বিচিত্রা ' এর বিশেষ সংখ্যা প্রকাশ করা ;

০৩। এমতাবস্থায়,আগামী ০৭(সাত) দিনের মধ্যে ২(ক) অনুচ্ছেদের আলোকে ব্যবস্থা গ্রহনসহ প্রদর্শিতব্য ব্যানার/তথ্যফলকটির সার্বক্ষনিক সুরক্ষিত থাকার বিষয়টি শাখা/কার্যালয় প্রধানকে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি জরুরি ও গুরুত্বপুর্ণ। অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত
(স্বাক্ষরিত) ২৮.১২.২০১৭
মো. গিয়াস উদ্দিন
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/ককপবি-১(৪)অংশ-৩/২০১৭-২০১৮/ ৪২৫(১২০০) তারিখ ঃ ২৮-১২-২০১৭খ্রিঃ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার,চেয়ারম্যান মহোদয়,পরিচালনা পর্ষদ,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রকা,ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
০৩। স্টাফ অফিসার,উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়,বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদযের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রকা,ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা ।
০৬। উপমহাব্যবস্থাপক,জনসংযোগ ও প্রটোকল বিভাগ,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা। ২(খ) অনুচ্ছেদের আলোকে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের উপর ব্যাংক কর্মীগন হতে লেখা সংগ্রহপুর্বক " কৃষি ব্যাংক বিচিত্রা " এর বিশেষ সংখ্যা প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রকা,ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(স্বাক্ষরিত) ২৮.১২.১৭
মোঃ আমিরুল ইসলাম
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা



## ‘বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য’ বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণকে “ইউনেস্কোর মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার”এ অন্তর্ভুক্ত করায় আমরা গর্বিত।

**বাংলাদেশ কৃষি ব্যাংক**


'বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য' বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণকে "ইউনেস্কোর মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"এ অন্তর্ভুক্ত করায় আমরা গর্বিত।
বাংলাদেশ কৃষি ব্যাংক